

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৮ ১৫  
কৈলাসহর, ২২ জুলাই, ২০২৪

**উনকোটি জেলাভিত্তিক গুরু পূর্ণিমা উৎসব**

তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে গতকাল কুমারঘাটের গীতাঞ্জলি অডিটোরিয়ামে উদযাপন করা হয় উনকোটি জেলাভিত্তিক গুরু পূর্ণিমা উৎসব। প্রদীপ প্রজ্জ্বলন করে অনুষ্ঠানের উদ্বোধন করেন কুমারঘাটের শিক্ষক শিক্ষন কলেজের অধ্যক্ষ নিবাস চন্দ্র শীল। উৎসবের উদ্বোধন করে তিনি বলেন, যে শিক্ষক জ্ঞান দান করেন তাকেই আমরা গুরু বলি। যার কারণে মা ও বাবা হচ্ছে আমাদের প্রথম গুরু। অনুষ্ঠানে কুমারঘাট মহকুমার বিশিষ্ট সাংস্কৃতিক ব্যক্তিত্ব কিষণ সিনহা, বিশ্বজিৎ দেববর্মা ও কৈলাসহর মহকুমার করুণা পালকে সংবর্ধনা দেওয়া হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিশিষ্ট শিক্ষাবিদ প্রতিমা দাস। স্বাগত বক্তব্য রাখেন তথ্য ও সংস্কৃতি দপ্তরের সহ অধিকর্তা বিশ্বজিৎ দেব।

\*\*\*\*\*